অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

11.4 মিলিয়ন ডলারের ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টারের সাড়ম্বর উদ্বোধন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

মনরো কমিউনিটি কলেজের ডাউনটাউন ক্যাম্পাসে অবস্থিত এই সেন্টারটি উচ্চতর উৎপাদন ও আইটি খাতের উচ্চ-চাহিদাসম্পন্ন চাকরির জন্য প্রযুক্তিগত প্রশিক্ষণের উপর জোর দিচ্ছে

NYS-এর এই বিনিয়োগ 'ফিঙ্গার লেকস ফরোয়ার্ড' এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ মনরো কমিউনিটি কলেজের (Monroe Community College) ডাউনটাউন ক্যাম্পাসে ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টারের (Finger Lakes Workforce Development Center) উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থেকে সেন্টারটির সাড়ম্বর উদ্বোধন ঘোষণা করেছেন। 11.4 মিলিয়ন ডলারের 50,000-বর্গফুট জায়গা নিয়ে অবস্থিত, সর্বাধুনিক প্রযুক্তিসম্পন্ন ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টার স্বল্প-মেয়াদী ও ত্বরান্বিত, প্রযুক্তিকেন্দ্রিক প্রশিক্ষণ কর্মসূচিগুলোর প্রতি জোর দিচ্ছে যেসব কর্মসূচি প্রশিক্ষণ গ্রহণকারী ব্যক্তিদের উচ্চতর উৎপাদন খাত, তথ্য প্রযুক্তি, দক্ষ বাণিজ্য, শিক্ষানবিশ হওয়া সম্পর্কিত নির্দেশনা, ও পেশাদার পরিষেবাগুলোতে উচ্চ-চাহিদাসম্পন্ন চাকরি প্রদান করবে।

"এই মহামারী আমাদের কর্মীদলের ব্যাপক ক্ষতি করেছে, আর একারণেই আমরা ভালো চাকরির সুযোগগুলোর সাথে নিউ ইয়র্কবাসীদের সংযোগ করিয়ে দিতে দ্বিগুণ উদ্যমে প্রচেষ্টা চালাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই সর্বাধুনিক শিক্ষা ও কর্মীদল উন্নয়ন কেন্দ্র ফিঙ্গার লেকস অঞ্চলের নিউ ইয়র্কবাসীদের জন্য বর্তমানের এই গতিময় ও সদা-পরিবর্তনশীল চাকরির বাজারে প্রতিযোগিতা করার জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতাগুলো সরবরাহ করতে ত্বরান্বিত প্রশিক্ষণ কর্মসূচি প্রদান করবে। আমাদের অর্থনীতি পুনর্নির্মাণের এই সময়ে, এই প্রকল্পের মতো প্রকল্পগুলো দেশের সবচেয়ে বেশি ব্যবসা ও কর্মী-বান্ধব স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থান ধরে রাখার বিষয়টি নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট ও SUNY-এর প্রদানকৃত মোট 11.4 মিলিয়ন ডলারের মূলধনী তহবিল ব্যয়ে বাস্তবে রূপ নেওয়া, এই ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (FWD) সেন্টার যথাসময়ে ও বাজেটের মধ্যে সম্পন্ন হয়েছে, যেখানে 6 মিলিয়ন ডলার SUNY2020 অনুদান কর্মসূচি থেকে

এবং 5.4 মিলিয়ন ডলার ফিঙ্গার লেকস ফরোয়ার্ড আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Finger Lakes Forward Upstate Revitalization Initiative) তরফ থেকে প্রদান করা হয়েছে। 321 স্টেট স্ট্রিটে MCC-র ডাউনটাউন ক্যাম্পাসের পঞ্চম ও ষষ্ঠ তলায় অবস্থিত এই নতুন ফ্যাসিলিটি পরবর্তী তিন বছরের মধ্যে আনুমানিক 2,500 ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

এই নতুন ফ্যাসিলিটি নিয়োগকারীদের দক্ষ টেকনিশিয়ান পাওয়ার ক্রমবর্ধমান চাহিদা পূরণে সাহায্য করতে এবং আঞ্চলিক অর্থনীতির পুনরুদ্ধারে সহায়তা করতে একাধিক কলেজ ও বেসরকারি খাতের সংস্থাকে একই স্থানে একত্রিত করার ক্ষেত্রে একটি মডেল হয়ে থাকবে। FWD সেন্টারটি ফিঙ্গার লেকস কমিউনিটি কলেজ (Finger Lakes Community College), গিনিস কমিউনিটি কলেজ (Genesee Community College), মনরো কমিউনিটি কলেজ, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), রচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজি (Rochester Institute of Technology), রচেস্টার সিটি, BOCES, রচেস্টার সিটি স্কুল ডিস্ট্রিক্ট (Rochester City School District), রচেস্টার টেকনোলজি এন্ড ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশন (Rochester Technology and Manufacturing Association), গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজ (Greater Rochester Enterprise), রচেস্টার ওয়ার্কস! (RochesterWorks!), NYS-এর শ্রম বিভাগ (Department of Labor), ও মনরো কাউন্টির মধ্যকার অংশীদারিত্বকে একত্রিত করেছে। এসব অংশীদারিত্ব শিক্ষার সঙ্গে শিক্ষার্থীদের সংযোগ তৈরি করে এবং কর্ম-ভিত্তিক শিক্ষা অর্জনের সুযোগ ও সক্রিয়ভাবে চাকরি প্রদানের মাধ্যমে কর্মসংস্থানে সহায়তা করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট ও CEO এবং কমিশনার হোপ নাইট বলেন, "এই গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য আমাদের সহায়তার মাধ্যমে আমরা এই অঞ্চলের মেধাবী কর্মীদের বর্তমানের এই গতিময় ও সদা-পরিবর্তনশীল চাকরির বাজারে প্রতিযোগিতা করার মতো দক্ষতা থাকার বিষয়টি নিশ্চিত করছি। MCC-তে এই নতুন ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টার কোম্পানিগুলোর উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের একটি শক্তিশালী পাইপলাইন অ্যাক্সেস করার সক্ষমতা জোরদার করবে যা স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে সহায়তা করবে এবং আঞ্চলিক অর্থনীতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "কর্মীদল উন্নয়নের প্রতি গভর্নর হোকলের অবিচল সমর্থন স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ-সুবিধা তৈরি করছে। এই ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টার, আংশিকভাবে, শিক্ষানবিশদের হাতে, এই সেন্টারে যেসব প্রশিক্ষণ পরিচালনা করা হবে সেসব প্রশিক্ষণের মাধ্যমে তাদের অর্জিত দক্ষতা ব্যবহার গড়ে তোলা হয়েছে। যেসব নিউ ইয়র্কবাসী একটি ভালো বেতন আয় করার পাশাপাশি সফল হওয়ার জন্য নিজেদের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারবেন এমন চাকরির ব্যাপারে আগ্রহী তাদেরকে আমি একটি নিবন্ধিত শিক্ষানবিশ কর্মসূচিতে অংশগ্রহণ করতে উৎসাহিত করছি।"

SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন, "SUNY শুধু বর্তমানের কর্মীদলের চাহিদার সঙ্গেই মানিয়ে নিচ্ছে না, বরং ভবিষ্যতের চাহিদার কথাও বিবেচনায় রাখছে। উৎপাদন, কম্পিউটার বিজ্ঞান, ও পেশাগত পরিষেবা খাতের দক্ষতা শেখানোর উপযোগী করে নির্মিত এই সর্বাধুনিক শিক্ষা কেন্দ্র প্রদান করার মাধ্যমে আমরা

কর্মক্ষেত্র পরিবর্তন করতে অথবা নিজেদের পছন্দের ক্যারিয়ারে সামনে এগিয়ে যেতে আগ্রহী নিউ ইয়র্কবাসীদের সবার সম্ভাবনার উপর বিনিয়োগ করছি। আরো একবার, গভর্নর হোকল স্টেটের অর্থনীতি সমৃদ্ধ করা এবং আমাদের মেধাবী শিক্ষার্থীরা যাতে তাদের স্বপ্ন পূরণ করতে পারে সেজন্য তাদের উপর বিনিয়োগ করার উপায় হিসেবে উচ্চতর শিক্ষার প্রতি সমর্থন প্রকাশ করেছেন, এবং এজন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

এছাড়া অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর স্ট্যানলি FWD সেন্টারের কার্যক্রম শুরু ও সরঞ্জামগুলোর জন্য দ্য র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের (Ralph C. Wilson, Jr. Foundation) তরফ থেকে 3.2 মিলিয়ন ডলারের সহায়তা প্রদান করার বিষয়টিও স্বীকার করেন।

FWD সেন্টারটি বিভিন্ন কর্মসূচিতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে এবং আঞ্চলিক নিয়োগকর্তাদের সুনির্দিষ্ট চাহিদাগুলো পূরণের জন্য জায়গাটিতে দ্রুত কিছু পরিবর্তন সম্পন্ন করে নেওয়ার সুযোগ রয়েছে। FWD সেন্টারে অফারকৃত নতুন কর্মসূচিগুলোতে অটোমেশন, রোবোটিক্স, মেকাট্রনিক্স এর পাশাপাশি তথ্য প্রযুক্তি বিষয়ে ইন্ডাস্ট্রি 4.0-সম্পর্কিত দক্ষতাগুলোর উপর জোর দেওয়া হবে। দ্বিতীয়ত দক্ষ বাণিজ্য এবং তরুণদের শিক্ষানবিশ হওয়া সম্পর্কিত নির্দেশনার উপর জোর দেওয়া হবে। শিক্ষাগত এই পাইপলাইন জোরদার করতে, কলেজের প্রাথমিক পর্যায়ের উপযোগী একটি কর্মসূচির মডেলে হাই স্কুলের শিক্ষার্থীদের উচ্চতর স্মার্ট প্রযুক্তির সংস্পর্শে আনার বিষয়টির প্রতি জোর দেওয়া হবে। নতুন কর্মসূচি ও বাড়তি অংশীদারিত্ব নিয়ে আসার জন্য কাজ চলছে এবং এটি এবছরের পরবর্তী সময়ে ঘোষণা করা হবে। আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.FWD-Center.com।

আজকের ঘোষণা স্টেট সরকার জুড়ে কার্যকর প্রশিক্ষণ ও কর্মীদল উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও সমন্বয়ের জন্য গভর্নর হোকলের বিস্তৃত প্রচেষ্টার সাথে সঙ্গতিপূর্ণ। সম্প্রতি, তিনি নিউ ইয়র্ক স্টেটের অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (New York State Office of Strategic Workforce Development) গঠনের ঘোষণা দিয়েছেন, যে অফিসটি বর্তমান সময়ের নিয়োগকর্তাদের প্রয়োজন ও অগ্রাধিকারগুলোর সাথে অধিকতর সঙ্গতি রক্ষার জন্য স্টেটের কর্মী উন্নয়ন কর্মসূচি ও রীতিসমূহ উন্নত করার জন্য দায়িত্ব পাবে। এবছরের শুরুর দিকে তার স্টেট অব দ্যা স্টেট ভাষণে গভর্নর সর্বপ্রথম এই নতুন দপ্তরটির কথা ঘোষণা করেছিলেন, যেটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর মধ্যে প্রতিষ্ঠা করা হচ্ছে এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Regional Economic Development Councils) নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে, এবং তিনি যে তহবিল বরাদ্দ দেওয়ার অঙ্গীকার করেছিলেন যা 2023 অর্থবছরের বাজেটে অনুমোদিত হয়।

স্টেট তহবিলের মাধ্যমে 350 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ স্টেট পর্যায়ের সংস্থা ও কর্তৃপক্ষগুলোতে কর্মী উন্নয়নের জন্য সুবিস্তৃত, ঐতিহাসিক ও সমন্বিত বিনিয়োগে সহায়তা করবে, যার মধ্যে প্রাথমিকভাবে নিয়োগকর্তা-কেন্দ্রিক উচ্চ-দক্ষতাসম্পন্ন কর্মী প্রশিক্ষণ কর্মসূচিগুলোকে সহায়তা করবে এমন নতুন অনুদান কর্মসূচিগুলোর জন্য একাধিক-বছর মেয়াদে 150 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত রয়েছে।

স্টেট সিনেটর সামরা ব্রুক বলেন, "হাই-টেক শিল্পখাতে কর্মীর চাহিদা বৃদ্ধি পাওয়ার এই সময়ে আমাদের অঞ্চল যাতে সেই চাহিদা পূরণের জন্য প্রস্তুত থাকে FWD সেন্টার সেই বিষয়টি

নিশ্চিত করবে। এসব উন্নত শিল্পখাতের বেড়ে উঠার ক্ষেত্রে অংশীদার হওয়া কর্মীরা তাদের সাফল্যের অঙ্গীকারও শেয়ার করবে, যা আমাদের কমিউনিটির সবার উপকারে আসবে। জীবনভর শিক্ষা অর্জনের পরিবেশ তৈরি করা, আমাদের কর্মীদের সহায়তা করা এবং আমাদের কমিউনিটি ও অর্থনীতিকে পুনরুজ্জীবিত করে তোলা এই উদ্যোগের মতো উদ্যোগগুলো সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "একে অপরের সাথে সঙ্গতি রক্ষা করে কাজ করে যাওয়া বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে বিদ্যমান, সম্প্রসারণশীল ও নতুন উদীয়মান শিল্প ও প্রযুক্তিগুলোর জন্য আমাদের কর্মীদের শিক্ষাদান ও প্রস্তুত করে তোলার ক্ষেত্রে আমাদের অঞ্চল সম্মুখভাগে থেকেছে। FWD সেন্টারটি বহু বছরের অংশীদারিত্ব একটি একক জায়গায় - মনরো কমিউনিটি কলেজের ডাউনটাউন ক্যাম্পাসে - দৃঢ় অবস্থান তৈরি করে নেওয়ার চূড়ান্ত রূপ। এখন শিক্ষানবিশ হওয়ার উপর জোর দেওয়া একটি নতুন যুগ শুরু হয়েছে, যেখানে শিক্ষার্থীরা শিক্ষা অর্জনের পাশাপাশি উপার্জন করতে পারবে এবং নিয়োগকারীরা এই ফিঙ্গার লেকস অঞ্চলে একটি নতুন দক্ষ কর্মীদলের প্রতি নজর দিতে পারবে। গভর্নর হোকল, ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল, ও SUNY-এর সমর্থন ছাড়া এটি সম্ভব হতো না। এই বিনিয়োগ আমাদের পরিবারগুলোর জন্য ভবিষ্যত নির্মাণ করছে।"

অ্যাসেম্বলি সদস্য সারাহ ক্লার্ক বলেন, "বৃহত্তর রচেস্টার অঞ্চলের অর্থনীতি ও কর্মীদলের জন্য এই অসাধারণ সুযোগ এগিয়ে নেওয়ার জন্য কমিউনিটি ও বেসরকারি খাতকে একসঙ্গে এগিয়ে আসতে দেখে আমি অত্যন্ত উচ্ছসিত। মহামারী থেকে সমতাপূর্ণভাবে পুনরুদ্ধার অব্যাহত রাখার এই সময়ে MCC ডাউনটাউনের ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টারের মতো ঠিক এধরনের প্রকল্পই আমাদের প্রয়োজন। এই প্রকল্পকে বাস্তবে রূপ দেওয়া অংশীদারিত্ব আমাদের স্টেটকে অনন্য করে তুলেছে, যা FWD সেন্টার যেসব শিল্পখাতগুলোর প্রতি মনোযোগী হবে সেগুলোর জন্য এবং একইসাথে তৈরি হওয়া মেধাবী কর্মীদলের জন্য সীমাহীন সুযোগ-সুবিধা বয়ে আনবে। এই নতুন উদ্যোগে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগে সমর্থন দিতে পেরে আমি গর্বিত। গভর্নর হোকল, MCC, SUNY এবং আরো অসংখ্য অংশীদারদের প্রতি ধন্যবাদ যারা এটিকে সম্ভব করে তুলেছেন।"

অ্যাসেম্বলি সদস্য জেনিফার লান্সফোর্ড বলেন, "ডাউনটাউন রচেস্টারে MCC ক্যাম্পাসে ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টার এমন ধরনের কর্মীদল গড়ে তুলছে যা বর্তমান সময়ের অর্থনীতিতে নিদারুণভাবে প্রয়োজন। এই প্রকল্প এবং আজকের সাড়ম্বর উদ্বোধন পরবর্তী প্রজন্মকে দক্ষ কারিগরি চাকরির জন্য প্রস্তুত করছে যেগুলোর জন্য আগামী কয়েক দশক নাহলেও অন্তত আগামী কয়েক বছর উচ্চ চাহিদা থাকবে। এটি আমাদের কমিউনিটির জন্য, অঞ্চলের জন্য, আমাদের সামষ্টিক ভবিষ্যতের জন্য ভালো হবে।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "বর্তমানের ও আগামী সময়ের চাহিদাসম্পন্ন দক্ষতাগুলোর উপর জোর দিয়ে, FWD সেন্টার মনরো কাউন্টি ও ফিঙ্গার লেকস অঞ্চলে বসবাসকারী লোকজনের জন্য কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করবে, আমাদের বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালী করবে এবং আমাদের অর্থনীতি ও আমাদের জনসাধারণের উপর আরো বেশি বিনিয়োগ ত্বরান্বিত করতে সাহায্য করবে। অর্থনৈতিক ও কর্মীদলের উন্নয়ন মনরো কাউন্টির সফল ভবিষ্যতের জন্য সহায়ক একটি গুরুত্বপূর্ণ ভিত্তি এবং

আমি গভর্নর ক্যাথি হোকল, ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ককে আমাদের কমিউনিটির প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য ধন্যবাদ জানাই।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "এটি নিয়োগকর্তাদের সাথে শিক্ষকদের সংযোগ তৈরি করার এবং লোকজনের বিপণনযোগ্য দক্ষতা প্রদান করবে এমন প্রশিক্ষণ কর্মসূচি প্রদান করার একটি গুরুত্বপূর্ণ প্রচেষ্টা। এসব সুযোগ-সুবিধা থেকে উপকৃত হতে যাওয়া রচেস্টারের জনসাধারণের জন্য আমি উচ্ছসিত, এবং একটি শিক্ষিত কর্মীদল ও ভালো চাকরির জন্য সিটি আমাদের সুনাম বৃদ্ধি করছে দেখে আমি উচ্ছসিত বোধ করছি।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন এর সহ-সভাপতি বব ডাফি, গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্স এর প্রেসিডেন্ট ও CEO, এবং SUNY জেনেসিও এর প্রেসিডেন্ট ডেনিস ব্যাটলস বলেন, "ফিঙ্গার লেকস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট সেন্টারে নিউ ইয়র্ক স্টেটের পক্ষ থেকে পাওয়া বিনিয়োগের জন্য আমরা কৃতজ্ঞ। এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আমাদের অঞ্চলের লোকজনের জন্য উচ্চ চাহিদা সম্পন্ন ক্যারিয়ার গঠনের প্রশিক্ষণ পাওয়ার সুযোগ তৈরি করবে। ফিঙ্গার লেকস অঞ্চলের কলেজগুলো ও নিয়োগকর্তাদের মধ্যকার এধরনের সহযোগিতার সম্পর্ক দক্ষতার ব্যবধান পূরণ করে এবং শিক্ষার্থীদের সামনে এগিয়ে যাওয়া, আমাদের কমিউনিটিতে থাকা, এবং জীবনযাপনের জন্য একটি প্রকৃত পরিমাণে বেতন পাওয়ার মাধ্যমে তাদের পরিবারগুলোকে সহায়তা করার জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতা প্রদান করার মাধ্যমে একটি অধিকতর শক্তিশালী আঞ্চলিক অর্থনীতি তৈরি করে।"

মনরো কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট ড. ডি অ্যানা আর. বার্ট-নানা বলেন, "আমাদের অঞ্চলটি কোভিড-19 মহামারী কাটিয়ে উঠে সামনে এগিয়ে যেতে সচেষ্ট হওয়ার এই সময়ে কেউ যাতে পিছিয়ে না পড়ে সে বিষয়টি গুরুত্বপূর্ণ। FWD সেন্টার ঋণের দায়ে জর্জরিত হওয়া ছাড়াই উচ্চ-মানসম্মত, দ্রুত-গতির প্রশিক্ষণ এবং পরিবারের জন্য স্থিতিশীল বেতন প্রদান করে এমন উচ্চ-চাহিদাসম্পন্ন ক্যারিয়ারের প্রতি আগ্রহী যেকোনো ব্যক্তির জন্য - হাই স্কুলের শিক্ষার্থী থেকে শুরু করে কর্মজীবী বাবা-মা, মিলিটারি ভেটেরান, এবং যথাযথ কর্মসংস্থান থেকে বঞ্চিত ও কর্মহীন ব্যক্তি পর্যন্ত সবার জন্য - একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমাদের সমসাময়িক কলেজ, নিয়োগকর্তা ও শিল্পখাতের গ্রুপগুলো, কমিউনিটি নেতৃবৃন্দ, এবং স্থানীয় ও স্টেট সরকারগুলোর সঙ্গে MCC-এর শক্তিশালী মৈত্রী আমাদের অঞ্চলের সব জিপ কোডের অধীন এলাকার বাসিন্দাদের জন্য অধিকতর শক্তিশালী, আরো বেশি অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি গড়ে তোলা এবং উন্নয়নমুখী সুযোগ-সুবিধা সরবরাহ করার জন্য আমাদের সামষ্টিক অঙ্গীকারের প্রতিফলন ঘটায়। আমাদের শিক্ষার্থীদের, কমিউনিটি ও অঞ্চলের জন্য নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের জন্য MCC গর্বিত।"

মনরো কমিউনিটি কলেজের ভাইস প্রেসিডেন্ট অব ইকোনোমিক ডেভেলপমেন্ট, ওয়ার্কফোর্স এন্ড ক্যারিয়ার টেকনিকাল এডুকেশন ড. রবিন কোল জুনিয়র বলেন, "FWD সেন্টারের রূপকল্প বাস্তবায়ন হতে দেখে মনরো কমিউনিটি কলেজ উচ্ছসিত। এই উদ্যোগের জন্য সহযোগিতার সম্পর্ক স্থাপন করা সংস্থাগুলো এবং এই সেন্টার ফিঙ্গার লেকস অঞ্চলের আগামী দিনের টেকনিশিয়ানদের উন্নয়নের জন্য বিনিয়োগ করার বিষয়টি দেখিয়ে দিয়েছে। আমরা ইন্ডাস্ট্রি 4.0 বিপ্লবের যুগে প্রবেশ করার এই সময়ে, কোম্পানিগুলো

এমন দক্ষতাগুলোর প্রতি মনোযোগী হচ্ছে যেগুলো হয়তো সুনির্দিষ্ট চাকরির বিবরণের মধ্যে উল্লেখ করা নেই, কিন্তু টেকনিশিয়ানদের জন্য ভবিষতমুখী ভাবনা থাকা এবং 21 শতকের উপযোগী দক্ষতার অধিকারী হওয়া আবশ্যক করে দিয়েছে। এই সেন্টার এবং এখানে সম্পন্ন হওয়া প্রশিক্ষণ কমিউনিটির দিকে বাড়িয়ে দেওয়া আঙুলগুলোকে এমন হাতে পরিণত করবে যা লোকজনকে অর্থনৈতিক স্থায়িত্ব ও উচ্চমুখী গতিশীলতার দিকে টেনে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। মোট, SUNY তার ক্রেডিট এবং নন-ক্রেডিট বহনকারী কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা, এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলির সম্পূর্ণ পোর্টফোলিওর মধ্যে আনুমানিক 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী SUNY এর 3 মিলিয়ন প্রাক্তন শিক্ষার্থী রয়েছে এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu ওয়েবসাইটে যান।

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418